



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd



২০ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৫ মার্চ ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০০.০০৩.৯৮.০০০১.২০.৯

বিষয়: সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যষ্ঠ থেকে দ্বাদশক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে মার্চ-এপ্রিল/২০২৫ প্রান্তে অনলাইনে আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি।

উপর্যুক্ত বিষয়ের পরিস্থিতিতে জানানো যাচ্ছে যে, সারা দেশের সকল সরকারি/বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের যষ্ঠ থেকে দ্বাদশক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmeat.gov.bd/medical/>-এ লিঙ্কে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে।

৩। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী নির্দিষ্ট লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবে এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময়কাল বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ (এক) বছরের মধ্যে হতে হবে।

৪। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক, উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা/সরকারি হাসপাতালের চিকিৎসক কর্তৃক 'গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও ট্রাস্ট কর্তৃক নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠান/বিভাগীয় প্রধান কর্তৃক প্রত্যয়ন গ্রহণপূর্বক অনলাইনে আপলোড করতে হবে।

৫। শিক্ষার্থীকে আবেদনের সময় শিক্ষার্থী বা পিতা/মাতার নিজ ব্যাংক হিসাব নম্বর উল্লেখ করতে হবে। শিক্ষার্থী/পিতা/মাতার ব্যাংক হিসাব নম্বর কাঠীত অন্য কারো হিসাব নম্বর এক্ষেত্রে বিবেচনায় নেয়া হবে না।

৬। উল্লেখ্য, শিক্ষার্থী অনলাইনে আবেদনের সময়ে শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করুন অপশনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান যুজে না পেলে শিক্ষা প্রতিষ্ঠানটি ট্রাস্টের 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' সহটওয়ারে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানকে শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব প্যাড EINN ও অন্যান্য তথ্য উল্লেখপূর্বক ব্যাবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, বাড়ি নং ৪৪, সড়ক নং ১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯ বরাবর আবেদন করার জন্য অনুরোধ করা হলো।

৭। এসআরস্বয়ং, দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০ ও ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে যষ্ঠ থেকে দ্বাদশক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৪-২৫ অর্থবছরের মার্চ-এপ্রিল/২০২৫ প্রান্তের আবেদন আগামী ৩০/৪/২০২৫ খ্রি. তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত 'ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেম' ব্যবহার করে অনলাইনে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি:

১। দুর্ঘটনায় গুরুতর আহত দরিদ্র ও মেধাবী শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০।

পত্র গ্রহণ/বিতরণের নম্বর: ২০৬

পত্র গ্রহণের তারিখ: ০৬/০৬/২৫

বিতরণের তারিখ: ০৬/০৬/২৫

Alamin

কবি নাজরুল সরকারি কলেজ, ঢাকা

গ্রহণকারীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা

তারিখ : ০৬/০৩/২০২৫

বিজ্ঞপ্তি

“২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৫” পালন এবং “২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫” উদযাপন উপলক্ষে শিক্ষার্থীদের কাছ থেকে নিম্নোক্ত বিষয়ের ওপর রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে :

শ্রেণি	রচনার বিষয়সমূহ
একাদশ ও দ্বাদশ শ্রেণি	মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও মানবিক মূল্যবোধ (অনূর্ধ্ব ১০০০ শব্দ)
স্নাতক (পাস), স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর শ্রেণি	স্বাধীনতা ও স্বাধীনতাত্ত্বের দেশ গঠনে ছাত্র সমাজের ভূমিকা (অনূর্ধ্ব ১৫০০ শব্দ)


রচনা লেখার নিয়মাবলিঃ


A4 সাইজ কাগজে এক পাশে স্বহস্তে লিখতে হবে।

উল্লিখিত বিষয়ের রচনা আগামী ১৮/০৩/২০২৫ তারিখ মঙ্গলবার বেলা ২.০০টার মধ্যে হাতে হাতে জমাদানের নির্দেশ প্রদান করা হল।

জমাদানের ঠিকানা :

অধ্যাপক মোসা: হাছিনা আক্তার
বিভাগীয় প্রধান (উদ্ভিদবিজ্ঞান বিভাগ)
মোবাইল নম্বর: ০১৬০১৭২১৮৯৯
কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা


০২/৩/২৫
(অধ্যাপক মোহাম্মদ হাবিবুর রহমান-৩১২৭)
অধ্যক্ষ
কবি নজরুল সরকারি কলেজ
ঢাকা


০৬/০৩/২০২৫
আহবায়ক

“২৫ মার্চ গণহত্যা দিবস ২০২০৫” পালন এবং “২৬
মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫” উদযাপন
কমিটি-২০২৫

সদয় অবগতির জন্য:

- ০১। অধ্যক্ষ
- ০২। বিভাগীয় প্রধান,..... বিভাগ
- ০৩। সম্পাদক, শিক্ষক পরিষদ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা
- ০৪। আহবায়ক/সদস্য,..... কমিটি
- ০৫। সকল বিজ্ঞপ্তি বোর্ড
- ০৬। সংরক্ষণ নথি

H:\Notice.doc Deloar